

মুক্তিযুদ্ধের অডিও ভিজ্যুয়াল দলিলাদি সংগ্রহে চ্যালেঞ্জ ও সংরক্ষণ বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

২৩ জানুয়ারি ২০২৩
আগারগাঁও, ঢাকা।

আজ ২৩ জানুয়ারি ২০২৩ বাংলাদেশ ফিল্ম আর্কাইভে মুক্তিযুদ্ধের অডিও ভিজ্যুয়াল দলিলাদি সংগ্রহে চ্যালেঞ্জ ও সংরক্ষণ শীর্ষক সেমিনার দপ্তরের সেমিনার হলে অনুষ্ঠিত হয়।

সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মো. হুমায়ুন কবীর খোন্দকার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মো. ফারুক আহমেদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মহাপরিচালক জনাব মো. জসীম উদ্দিন।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন অংশগ্রহণ করেন বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রকল্প পরিচালক ড. মো. মোফাকখারুল ইকবাল। অনুষ্ঠানে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের পরিচালক জনাব ফারহানা রহমান ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



চিত্র: সেমিনারে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মো. হুমায়ুন কবীর খোন্দকার, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মো. ফারুক আহমেদ ও বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মহাপরিচালক জনাব মো. জসীম উদ্দিন

